গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রংপুর সদর, রংপুর।
www.rangpursadar.rangpur.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.৮৫৪৯.০০৩.০২.০০৯.২১- ৫৭২

তারিখ : ০৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.।

## নোটিশ

আগামী ১৫/০৯/২০২১ তারিখ সকাল ১০.৩০ টায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুমে সেপ্টেম্বর/২০২১ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
২। গত সভার সিদ্ধান্ত সমুহের অগ্রগতি পর্যালোচনা।
৩। সার্বিক আইন-শৃঙ্খলা বিষয়ক পর্যালোচনা।
৪। বিবিধ।

মোছা : নুর নাহার বেগম
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নং- ০৫২১-৬২১১৬
E-mail: unorangpur@mopa.gov.bd

প্রাপকঃ- ....................................
....................................
রংপুর সদর, রংপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। পুলিশ সুপার, রংপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।

CamScanner

## ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছা: নুর নাহার বেগম<br>উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>রংপুর সদর, রংপুর |
| সভার তারিখ ও সময় | : | ১৫/০৯/২০২১ খ্রি. , সময়- সকাল - ১০.৩০ |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হলরুম, রংপুর সদর, রংপুর। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা- পরিশিষ্ট "ক"

সভাপতি সেপ্টেম্বর/২০২১ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত এবং সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করার অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর গত ১২/০৮/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। সভাপতি উপস্থিত সকলকে রংপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানান। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>সভাপতি রংপুর সদর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির গত ১২/০৮/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন বা বিয়োজন আছে কিনা উপস্থিত সদস্যগণের নিকট জানতে চান। | কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২ | **আগস্ট/২০২১ মাসের অপরাধ চিত্রের পর্যালোচনা:** রংপুর সদর উপজেলার অপরাধ চিত্রের পর্যালোচনায় দেখা যায় আগস্ট/২০২১ মাসে ধর্ষন -০১টি , নারী নির্যাতন- ০০টি, গবাদি পশুচুরি- ০১টি, গাড়িচুরি- ০০টি, অন্যান্য চুরি-০১টি, জখম মামলা- ০২টি, মাদকদ্রব্য মামলা (উদ্ধারজনিত মামলা)- ০৪টি, এবং অন্যান্যভাবে মামলা- ০৪টি।<br><br>রংপুর সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির বর্তমান ধারা অব্যাহত রাখাসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর জেলাকে অনুরোধ জানানো হয়। | (ক) সংঘটিত অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>(খ) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নতিকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>(গ) নারী ও শিশু নির্যাতন (ধর্ষণসহ) এবং অন্যান্য অপরাধ যাতে বৃদ্ধি না পায় সেজন্য সংশ্লিষ্ট সকলকে তৎ-পরতা অব্যাহত রাখতে হবে। | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br><br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর |
| ৩ | **মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে আলোচনা:**<br>সভাপতি বলেন যে, মাদক দ্রব্যের অপব্যবহার রোধকল্পে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। মাদক দ্রব্যের অপব্যবহার রোধকল্পে অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি রাখার জন্য সভায় প্রস্তাব করেন এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক পড়ার উৎসাহ প্রদানের পাশাপাশি শিক্ষার্থীদের মাঝে মাদকদ্রব্যের কুফল সম্পর্কে সচেতন করার জন্য অনুরোধ জানান। | (ক) মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক পড়ার উৎসাহ প্রদানের পাশাপাশি মাদক দ্রব্যের কুফল সম্পর্কে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস ‘ক’ সার্কেল, রংপুর-এর একজন প্রতিনিধি উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br><br>২। পরিদর্শক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস ‘ক’ সার্কেল, রংপুর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪ | **জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের কুফল সম্পর্কে অবহিতকরণ বিষয়ে আলোচনা:**<br>সভাপতি জানান যে, গত মাসে রংপুর সদর উপজেলায় সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতামূলক কোন ঘটনা ঘটেনি। সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে থানা কর্তৃপক্ষসহ মসজিদের ইমাম এবং গ্রাম পুলিশদেরকে সর্বাত্মক সতর্ক থাকার জন্য অনুরোধ জানান।<br><br>কোন স্বার্থান্বেষী মহল যেন ধর্মীয় উস্কানী ও মিথ্যা গুজব রটনা করে সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টি না করতে পারে এবং মসজিদগুলোতে মুসল্লিগণ যাতে মাস্ক পড়ে প্রবেশ করে তা নিশ্চিত করার লক্ষ্যে প্রচার-প্রচারনা চালাতে হবে। ক্ষুদবার আগে করোনা ভাইরাস সম্পর্কে প্রচার-প্রচারনা চালাতে হবে। | (ক) জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ এবং নাশকতামূলক ঘটনা প্রতিরোধকল্পে থানা কর্তৃপক্ষ-সহ গ্রাম পুলিশদেরকে সর্বাত্মক সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) কোন স্বার্থান্বেষী মহল ধর্মীয় উস্কানী ও মিথ্যা গুজব রটনা করে যেন সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টি না করতে পারে এবং মসজিদগুলোতে মুসল্লিগণ যাতে মাস্ক পড়ে প্রবেশ করে তা নিশ্চিত করার লক্ষ্যে প্রচার-প্রচারনা চালাতে হবে। ক্ষুতবার আগে করোনা ভাইরাস প্রতিরোধে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ সম্পর্কে প্রচার প্রচারনা চালাতে হবে। | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর।<br>৩। ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর। |
| ৫ | **বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান, বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক এবং অন্যান্য ক্যাম্পেইন অব্যাহত রয়েছে। তবে বাল্যবিবাহ এবং নারী ও শিশু নির্যাতন রোধে প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে সভা আহবান করে সভার কার্যবিবরণী প্রেরণের নির্দেশনা থাকলেও কার্যবিবরণী নিয়মিত পাওয়া যায় না। সভাপতি জানান বাল্যবিবাহ এবং নারী ও শিশু নির্যাতন রোধে প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে সভা আহবান করতে হবে।<br>এছাড়া বাল্য বিবাহ রোধকল্পে কোন এলাকায় এ বিষয়ে তথ্য পাওয়া মাত্র সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ এ কার্যালয়কে অবহিত করার জন্য সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | (ক) বাল্য বিবাহের কুফল সম্পর্কে ব্যাপক প্রচার করাসহ নিয়মিত উঠান বৈঠক অব্যা-হত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাল্যবিবাহ এবং নারী ও শিশু নির্যাতন রোধে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির সভা প্রতি মাসে আহবান করতে হবে এবং কার্যবিবরণী (১) উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর ও (২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর বরাবরে প্রেরণ করতে হবে। | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর।<br>৪। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর। |
| ৬ | **মোবাইল কোর্টের অভিযান:**<br>আগস্ট/২০২১ মাসে রংপুর সদর উপজেলায় মোট ১টি মোবাইল কোর্টের অভিযান পরিচালিত হয়েছে। উক্ত অভিযানে ৪টি মামলায় ৯০০/- (নয়শত) টাকা জরিমানা আদায় করা হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) প্রমাপ অনুযায়ী প্রয়োগসিদ্ধভাবে এবং তাৎক্ষণিক চাহিদার প্রেক্ষিতে মোবাইল কোর্টের অভিযান অব্যাহত রাখতে হবে।<br>(খ) অর্থদন্ডের পাশাপাশি যৌক্তিকভাবে কারাদন্ড প্রদান এবং বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার নিশ্চিতে মোবাইল কোর্ট পরিচালনা পাশাপাশি কোভিড-১৯ উদ্ভূত | ১। উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর, রংপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), রংপুর সদর, রংপুর ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর, রংপুর। |

| | | |
|---|---|---|
| | প্রতিষ্ঠান খোলার পর থেকে তিনি এবং অফিসের অন্যান্য কর্মকর্তা নিয়মিত পরিদর্শন করেছেন। তিনি জানান শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর উপস্থিতির হার কম। কেন উপস্থিতি কম হচ্ছে বিষয়টি খতিয়ে দেখাসহ আকস্মিকভাবে পরিদর্শনে যাওয়ার বিষয়ে সভাপতির মাধ্যমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে হ্যান্ড স্যানিটাজার ও থার্মোমিটার সরবরাহের বিষয়ে সভাপতির মাধ্যমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>**সুপার, কদমতলী দাখিল মাদ্রাসা, হরিদেবপুর, রংপুর** সভায় জানান ১২/৯/২০২১ খ্রি. তারিখ থেকে শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর থেকে শিক্ষার্থীর উপস্থিতি কিছুটা কম হলেও তার শিক্ষা প্রতিষ্ঠান স্বাভাবিক নিয়মে চলছে। এ প্রতিষ্ঠানসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে যদি উর্ধ্বতন কর্তৃপক্ষ ঝটিকা সফর দেন বা পরিদর্শনে আসেন তবে শিক্ষার্থী উপস্থিতির হার আরও বৃদ্ধি পাবে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান, ২ নং হরিদেবপুর, ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় জানান তার ইউনিয়নে বালু উত্তোলন বন্ধ হয়েছে। এজন্য তিনি অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুরকে ধন্যবাদ জানান। সভায় তিনি আরও জানান কোতয়ালী থানা হরিদেবপুর ইউনিয়ন পরিষদে হওয়ায় স্থান সংকুলান হচ্ছে না। এছাড়া শিমুলতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পুলিশ সদস্য অবস্থান করতেন। বর্তমানে স্কুল খোলা, এখানে থাকা যাচ্ছেনা। পুলিশ ব্যারাক নির্মাণ করা প্রয়োজন।<br>সভাপতি উপজেলায় অপরাধ সংগঠনের পূর্বে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ, মাদকের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি, বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন রোধে সমাজের বিভিন্ন স্তরে জনসচেতনতা সৃষ্টির বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, আনসার সদস্য, জনপ্রতিনিধি ও সচেতন নাগরিক বৃন্দকে যার যার অবস্থান ও কর্তব্য অনুযায়ী আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/০৯/২০২১

**(মোছা: নুর নাহার বেগম)**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রংপুর সদর, রংপুর।

CamScanner